## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the performance of the Department of Narcotics Control, Divisional office,Rajshahi)

### সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

গত ২৭.১২.২০১৮ তারিখ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ কার্যকর হয়েছে। যা রাজশাহী বিভাগের সকল জেলায় বাস্তবায়িত হচ্ছে। মাদকাসক্তি মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে রাজশাহী বিভাগের সকল জেলায় মাদকের অপব্যবহার ও পাচার এবং মাদকাসক্তি রোধকল্পে নোডাল এজেন্সী হিসেবে কাজ করছে। বিগত ০৩(তিন) বছরে রাজশাহী বিভাগের ০৮ (আট)টি জেলায় ১৯,৫০০টি মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৬২০০টি মামলা দায়ের পূর্বক ৬৩৫০জন মাদক অপরাধীকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে। তাছাড়া রাজশাহী বিভাগের অন্তগর্ত প্রতিটি জেলায় নিয়মিতভাবে মাদক ব্যবসায়ীদেরকে বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে মাদক ব্যবসায়ীদের তালিকা প্রণয়ন, তাঁদের বিরুদ্ধে ব্যাপক অভিযান ও যথাযথভাবে আইনের আওতায় এনে ব্যবস্থা গ্রহণ অত্র বিভাগের জন্য একটি বড় চ্যালেঞ্জ । উপরোন্ত মাদকাসক্তদের তালিকা প্রণয়ন পূর্বক তাদের যথাযথ চিকিৎসা প্রদান ও পুনর্বাসন সত্যিকার অর্থে এই বিভাগের জন্য একটি বড় চ্যালেঞ্জ।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

রাজশাহী বিভাগীয় শহরে ২০০ (দুই) বেডের মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। সেইসাথে নাটোর ও নওগাঁ জেলায় ১০০ (একশত) বেডের মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা করার জোর প্রচেষ্টা অব্যাহত আছে।

### ২০১৯-২০২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- মাদক অপরাধ রোধকল্পে ৫৫৮০টি অভিযান পরিচালনা করা হবে;
- মাদক ব্যবসায়ীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হবে;
- শিক্ষা প্রতিষ্ঠান, কারাগার ও অন্যান্য স্থানে মোট ৮৫৮টি মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হবে;
- প্রতি জেলায় কিয়স্ক বিতরণ এবং দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মানবদেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্বলিত স্কেল বিতরণ করা হবে;
- সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ১৬৩৬৫ জন মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান করা হবে;

# অঙ্গীকার নামা

আমি অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাপরিচালক, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর রাজশাহী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

অতিরিক্ত পরিচালক, রাজশাহী
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

২০.০৬.২০২১
তারিখ

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

২০.৬.২০২১
তারিখ

